ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 025 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০২৫ ● কলকাতা ● ১২ মাঘ, ১৪৩২ ● সোমবার ● ২৬ জানুয়ারি ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 184

## হিমালয়ের সমর্পণ যোগ



ঐ আত্মা যা হোক, দেখা যায় না।

যা শরীরকে চালায়, কিন্তু চালানোর সময় দেখা যায় না। আত্মা ছাড়া এই শরীরের কোন অস্তিত্ব নেই। ঐ আত্মা যদি এই শরীর থেকে বেরিয়ে যায় তাহলে লোক তাকে (শরীরকে) গেঁড়ে আসবে অথবা জ্বালিয়ে দেবে আর এই শরীরকে নষ্ট করে দেবে।

এই শরীর সব কিছু মনে হয়, কিন্তু সব কিছু নয়। **ক্রমশঃ**

# ECI-বিজেপি 'আঁতাঁত' নিয়ে তুলোধোনা মমতার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জাতীয় ভোটার দিবস। এমন একসময়ে এই ভোটার দিবস পালিত হচ্ছে, যখন আমজনতার ভোটাধিকারই যথেষ্ট অনিশ্চয়তার মুখে পড়েছে। এসআইআর আবহে এনিয়ে আক্ষেপ করে এক্স হ্যান্ডলে দীর্ঘ পোস্ট করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাতে আগাগোড়া নির্বাচন কমিশন আর কেন্দ্রের ক্ষমতাসীন বিজেপি সরকারের 'আঁতাঁত' নিয়ে তুলোধোনা করলেন।

আসলে এসআইআর শুনানির আবহে কমিশনের বিরুদ্ধে পদ্ধতিগত ত্রুটির একাধিক অভিযোগ উঠছে। বিশেষত এনুমারেশন ফর্মে সামান্য ভুলত্রুটির জন্য সোজা শুনানিকেন্দ্রে ডেকে পাঠানোর নোটিস নিয়ে ক্ষুব্ধ অনেকেই।

এরপর ৬ পাতায়

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী **26শে জানুয়ারী, 2026 " প্রজাতন্ত্র দিবস"** উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই 27শে জানুয়ারী, 2026 আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না আগামী **28শে জানুয়ারী, 2026** তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে। **সম্পাদক**



# ফালাকাটার আসাম মোড়ে মহাসড়ক নির্মাণ ঘিরে জটিলতা



**হরেকৃষ্ণ মণ্ডল,ফালাকাটা**

ফালাকাটার আসাম মোড় এলাকায় মহাসড়ক সম্প্রসারণ ও নির্মাণ কাজ ঘিরে নতুন করে জটিলতা তৈরি হয়েছে।স্থানীয় গ্রামবাসীদের অভিযোগ,প্রয়োজনীয় ক্ষতিপূরণ না দিয়েই প্রশাসনের অনুমতি ছাড়া রাতের অন্ধকারে ডাম্পারের মাধ্যমে মাটি ফেলা হচ্ছে।শুধু রাতেই নয়,শনিবার দিনের বেলাতেও ওই এলাকায় মাটি ফেলার কাজ চলে বলে অভিযোগ উঠেছে।স্থানীয় বাসিন্দাদের একাংশের দাবি, মহাসড়ক নির্মাণের জন্য যাদের জমি নেওয়া হয়েছে, তাদের অনেকেই এখনও পর্যন্ত ক্ষতিপূরণ পাননি। কেউ জমির দাম পাননি,কেউ ঘর ভাঙার ক্ষতিপূরণ পাননি, আবার কারও দোকান ভাঙার টাকাও মেলেনি। এর মধ্যেই কাজ শুরু হওয়ায় ক্ষোভ ক্রমশ বাড়ছে এলাকায়।এলাকায় একটি সার্বজনীন মন্দিরও রয়েছে, যা প্রায় ৯ ডেসিমেল জমির উপর অবস্থিত। মন্দির কমিটির সদস্যরা জানান, আমাদের মন্দিরের জমির জন্যও এখনও কোনও ক্ষতিপূরণ দেওয়া হয়নি। অথচ শনিবার মন্দিরের সামনে মাটি ফেলা হয় এবং মন্দিরের বেড়া ভাঙারও চেষ্টা করা হয়।

ঘটনার খবর পেয়ে ফালাকাটা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছয় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশের উপস্থিতিতে আলোচনার পর সিদ্ধান্ত হয়, আগামী মঙ্গলবার গ্রামবাসীরা জেলা প্রশাসনের কাছে লিখিতভাবে তাদের অভিযোগ জানাবেন। ততদিন শুধুমাত্র ফাঁকা জায়গায় মাটি ফেলা হবে, তবে মহাসড়কের অন্য কোনও নির্মাণকাজ এলাকাবাসী করতে দেবেন না বলে স্পষ্ট জানিয়ে দেন।বর্তমানে ক্ষতিপূরণ ও স্বচ্ছতার দাবিতে গ্রামবাসীদের আন্দোলনের মনোভাব স্পষ্ট, যা আগামী দিনে প্রশাসনের কাছে বড় চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে।

# ময়দান ছেড়ে যাওয়া যাবে না মন্তব্য অভিষেকের

**বেবি চক্রবর্ত্তী**



এবার সম্মুখ সমরে অভিষেক। তাঁর স্পষ্ট বার্তা কোনোভাবেই রাস্তা ছেড়ে দেওয়া হবে না। লড়াই চলবে। তিনি আরো বলেন, দরকার হলে নিজেদের পয়সা খরচ করে লড়াই চালান। কোর্ট হোক রাস্তায় সর্বত্রই সরব ঘাসফুল শিবির। ভোটার দিবসে ভোটাধিকার রক্ষার দাবিতে পথে নামছে তৃণমূল কংগ্রেস। রাজ্যের ব্লকে ব্লকে হবে তৃণমূল কংগ্রেসের মিছিল। প্রতি ব্লকে দু'টি করে মিছিল করার নির্দেশ দেওয়া হয়েছে। বুথে বুথে ভোটরক্ষা কমিটি গড়তে হবে। আত্মতুষ্টি নয়, যুদ্ধের সময়, সাফ কথা অভিষেকের। আগামী ২২ দিন কর্মীদের মাটি আকড়ে থাকার নির্দেশ তৃণমূলের সেকেন্ড ইন কমান্ডের। কাজ সিরিয়াস না হলে দল রাখবে না, সাফ বার্তা অভিষেকের। সূত্রের খবর, দলের মেগা ভার্চুয়াল মিটিংয়ে এ কথা বলেছেন। সূত্রের খবর, এই ভার্চুয়াল বৈঠকে দলের প্রায় সর্বস্তরের কর্মীরাই ছিলেন। বিধায়ক, সাংসদ থেকে পঞ্চায়েত, পুরসভা স্তরের নেতারা উপস্থিত ছিলেন। প্রায় ১ লাখেরও বেশি লোক ছিলেন বলে জানা যাচ্ছে। সেখানেই একের পর এক বার্তা দিতে দেখা যায় অভিষেক। তবে এই ভার্চুয়াল বৈঠকে বিএলএ টু-দের নজরকাড়া উপস্থিতি বিশেষভাবে তাৎপর্যপূর্ণ বলেই মত ওয়াকিবহাল মহলের।

এছাড়াওএসআইআইআর-এর শেষবেলাতেও তৃণমূল এক ছটাকও মাটি ছাড়তে নারাজ বলেই মত ওয়াকিবহাল মহলের। সূত্রের খবর, এই বৈঠকেই বিধায়ক-সাংসদদের জন্যও স্পষ্ট বার্তা গিয়েছে অভিষেকের তরফে। তাঁর

এরপর ৩ পাতায়

# ডায়মণ্ড হারবারে কবি মধুসূদন জয়ন্তী ও পুরস্কার বিতরণ সভা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সংস্কৃতি পরিষদের উদ্যোগে ডায়মণ্ড হারবার ঋষি অরবিন্দ উদ্যানে আজ মর্যাদার সঙ্গে কবি মধুসূদন দত্তের জন্মদিন পালন করা হয়। ডায়মণ্ড হারবার শিক্ষা ভবন ও মাইণ্ড মন্ত্র অ্যাবাকাস -এর সৌজন্যে এদিন জেলা ভিত্তিক গণিত ও অঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ সভাও অনুষ্ঠিত হয়। প্রায় ৪০০ জন শিক্ষার্থীকে মেডেল ও শংসাপত্র দেওয়া হয়।সভায় মুখ্য আলোচক ছিলেন মাইণ্ড মন্ত্রের সংযোজক রঞ্জিত শীল। কবি মধুসূদনের সাহিত্য ও জীবন নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন সাংবাদিক ও আইনজীবী তপনকান্তি মণ্ডল। প্রাসঙ্গিক আলোচনা করেন অধ্যাপিকা সঞ্জনা তামাং, শিক্ষক শিবনারায়ণ বর প্রমুখ।

অ্যাবাকাস সম্পর্কে আলোকপাত করেন ইঞ্জিনিয়ার গৌতম সাহা, উজ্জ্বল মাঝি, সহদেব পানুয়া, শান্তনু মণ্ডল, শশাঙ্ক দাস , অরিন্দম দাস প্রমুখ। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন শিক্ষা ভবন ও মাইণ্ড মন্ত্র ডায়মণ্ড হারবার কেন্দ্রের ডিরেক্টর সোমা মণ্ডল ।

(২ পাতার পর)

# ময়দান ছেড়ে যাওয়া যাবে না মন্তব্য অভিষেকের

সাফ কথা, দরকারে গাঁটের কড়ি খরচ করে ওয়ার রুম চালান। অন্য রাজনৈতিক দলের মতো আমরা বিধায়ক বা সাংসদদের মাইনে থেকে টাকা কাটি না। আগামী দিনগুলিতে দিন ঝাঁপিয়ে পড়ুন। ১ কোটি ৩৬ লক্ষের আশপাশে যে নাম থাকবে লজিক্যাল ডিক্রিপেন্সির তালিকায় তা যেন কোনওভাবেই বাদ না পড়ে তা বলছেন অভিষেক। তাঁর সাফ কথা, "১ কোটি ৩৬ লক্ষের নাম আগের ভোটের তালিকায় ছিল। এখন এই নাম লজিক্যাল ডিসক্রিপেন্সিতে দিয়েছে। এদের নাম যেন বাদ না যায় তাই সুনিশ্চিত করতে হবে।"

# ময়দান ছেড়ে যাওয়া যাবে না মন্তব্য অভিষেকের

**ডঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক**

নয়াদিল্লি, ২৫ জানুয়ারী, ২০২৫ (এজেন্সি)। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে ভোটদান কেবল একটি রাজনৈতিক অভিব্যক্তি নয়, বরং গণতান্ত্রিক নির্বাচনী প্রক্রিয়ার প্রতি নাগরিকদের বিশ্বাসের প্রতীক।

শ্রীমতী মুর্মু এখানে ১৬তম জাতীয় ভোটার দিবস উদযাপন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন যে আমাদের গণতন্ত্রের শক্তি কেবল বিপুল সংখ্যক ভোটারের মধ্যেই নয় বরং গণতান্ত্রিক চেতনার গভীরতার মধ্যেই নিহিত। এই প্রক্রিয়ায়, এমনকি সবচেয়ে বয়স্ক ভোটার, প্রতিবন্ধী ভোটার এবং প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারীরাও তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

তিনি সচেতন ভোটার এবং নির্বাচন কমিশনের নেতৃত্বে নির্বাচনী প্রক্রিয়ার সাথে জড়িত সকলের প্রশংসা করেন, যারা তাদের ভোটাধিকার প্রয়োগের অনুপ্রেরণামূলক উদাহরণ স্থাপন করেছেন।




রাষ্ট্রপতি বলেন যে জনসাধারণের অংশগ্রহণ তৃণমূল পর্যায়ে গণতন্ত্রের চেতনাকে বাস্তব রূপ দেয়। তিনি বলেন, নির্বাচন কমিশন যাতে কোনও ভোটার এই অধিকার প্রয়োগে পিছিয়ে না থাকেন, তা নিশ্চিত করার জন্য বেশ কিছু প্রচেষ্টা চালিয়েছে।

তিনি বলেন, ভোটারদের সচেতনতা বৃদ্ধির জন্য বেশ কয়েকটি কর্মসূচির আয়োজন করা হয়েছে। এ বছর নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচিত থিম, "আমার ভারত, আমার ভোট। ভারতীয় গণতন্ত্রের প্রাণকেন্দ্রে ভারতীয় নাগরিকরা" আমাদের গণতন্ত্রের চেতনাকে প্রতিফলিত করে।

রাষ্ট্রপতি বলেন, ভোটদান কেবল একটি রাজনৈতিক অভিব্যক্তি নয়। এটি নির্বাচনের গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি নাগরিকদের বিশ্বাসের প্রতিফলন। এটি নাগরিকদের তাদের আকাঙ্ক্ষা প্রকাশের একটি মাধ্যমও।

রাষ্ট্রপতি বলেন, ভোটদানের অধিকার গুরুত্বপূর্ণ, তবে সকল প্রাপ্তবয়স্ক নাগরিকের তাদের সাংবিধানিক কর্তব্যগুলি মনে রেখে তাদের ভোটাধিকার প্রয়োগ করা সমানভাবে গুরুত্বপূর্ণ। এল.এস.

# উত্তরবঙ্গের ৪ জেলায় প্রজাতন্ত্র দিবসের সকালে কুয়াশার হলুদ সর্তকতা জারি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবসের দিন হালকা থেকে মাঝারি কুয়াশার পূর্বাভাস জারি করল আলিপুর আবহাওয়া দফতর। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এর বেশ কিছু অংশে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকবে প্রজাতন্ত্র দিবসের সকালে। মঙ্গলবার এই কুয়াশার প্রকোপ বাড়বে উত্তর চব্বিশ পরগনা ও নদিয়া জেলায়।আলিপুর আবহাওয়া দফতর জানিয়ে দিয়েছে আগামী সাতদিন উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের সব জেলাতে রাতের তাপমাত্রা মোটামুটি একই স্তরে থাকবে। কলকাতা সহ দক্ষিণবঙ্গে জেলাগুলিতে যেমন তাপমাত্রা রয়েছে প্রজাতন্ত্র দিবস এবং তার পরবর্তী সময়ে সেই একই রকম বজায় থাকবে।রাজ্যের কোথাও উল্লেখযোগ্য ভাবে ঠান্ডা বাড়বে না। তাপমাত্রা নিম্নমুখী হবে না। চলতি সপ্তাহের উইকেন্ডে দুদিন

এরপর ৬ পাতায়

# পদ্মশ্রী পেলেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পদ্ম পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। রবিবার বিকেলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পদ্ম পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেছে। এবছর মোট ১৩১ জন পদ্ম পুরস্কার পাচ্ছেন। ৫ জন পদ্মবিভূষণ, ১৩ জন পদ্মভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কার পেয়েছেন। বাংলা থেকে মোট ১১ জন ওই তালিকায় রয়েছেন।পদ্ম পুরস্কারগুলি প্রতি বছর প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ঘোষণা করা হয় এবং রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত একটি জমকালো অনুষ্ঠানে ভারতের রাষ্ট্রপতি পুরস্কার ও সম্মাননা প্রাপকদের হাতে তুলে দেন সাধারণত মার্চ বা এপ্রিল মাসে।অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায় পাচ্ছেন পদ্মশ্রী পুরস্কার। সিনেমায় বিশেষ অবদানের জন্যই তিনি এই পুরস্কার পাচ্ছেন। এছাড়াও বাংলা থেকে পদ্মশ্রী পাচ্ছেন শ্রী অশোক কুমার হালদার (সাহিত্য ও শিক্ষা), শ্রী গম্ভীর সিং ইয়োনজোন (সাহিত্য ও শিক্ষা), শ্রী হরি মাধব মুখোপাধ্যায় (শিল্প-মরণোত্তর), শ্রী জ্যোতিষ দেবনাথ (শিল্পকলা), শ্রী কুমার বোস (শিল্পকলা), শ্রী মহেন্দ্র নাথ রায় (সাহিত্য ও শিক্ষা), শ্রী রবিলাল টুডু (সাহিত্য ও শিক্ষা), শ্রী সরোজ মণ্ডল (চিকিৎসা বিজ্ঞান), শ্রী তরুণ ভট্টাচার্য (শিল্প), শ্রী তৃপ্তি মুখোপাধ্যায় (শিল্পকলা)। পদ্মবিভূষণ পুরস্কার প্রাপ্তদের মধ্যে রয়েছেন অভিনেতা ধর্মেন্দ্র

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### অবজার্ভারকে কষিয়ে থাপ্পড়, কুমারগঞ্জ বিডিও অফিসে SIR কাণ্ড

এসআইআর নিয়ে উঠছে একাধিক অভিযোগ। ছোট্ট ভুলেও মানুষকেও এসআইআরের নোটিস পাঠানো হচ্ছে বলে উঠছে অভিযোগ। যা নিয়ে একাধিকবার সরব হয়েছে তৃণমূল কংগ্রেস। এমনকী সরব হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। শুধু তাই নয়, জনমানসের মধ্যেও বাড়ছে ক্ষোভ। এর মধ্যেই এক মাইক্রো অবজার্ভারকে হেনস্তার অভিযোগ।যা নিয়ে তীব্র চাঞ্চল্য তৈরি হয়। খবর পেয়েই ঘটনাস্থলে ছুটে আসেন কর্তব্যরত পুলিশকর্মীরা। কোনও রকমে পরিস্থিতি সামাল দেয়। জানা গিয়েছে, ঘটনার পরেই আক্রান্ত ওই মাইক্রো অবজার্ভার পুলিশে ইমেলের মাধ্যমে অভিযোগ জানিয়েছেন। যদিও এখনও পর্যন্ত ঘটনায় কাউকে গ্রেপ্তার করা হয়নি। তবে ঘটনা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। স্থানীয় বিজেপি নেতৃত্বের অভিযোগ, প্রথমদিন থেকে নির্বাচন কমিশনের কাজে বিভিন্নভাবে বাধা দিচ্ছে শাসকদল। এবার কমিশনের কর্মী, আধিকারিকদের উপরেও হামলা ছক কষা হচ্ছে। এর পিছনে তৃণমূলই দায়ী বলে দাবি নেতৃত্বের। যদিও এহেন অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে শাসকদল।

বলে রাখা প্রয়োজন, এর আগেও বারুইপুর থানা সংলগ্ন এলাকায় এক ভোটারের হাতে আক্রান্ত হতে হয় এক মহিলা বিএলওকে। মানসিক চাপে রীতিমতো ভেঙে পড়েন তিনি। এমনকী কাজ থেকেও অব্যাহতি চেয়ে কমিশনের কাছে আবেদন জানান।এক ভোটার শুনানি চলাকালীনই তাঁকে কষিয়ে থাপ্পড় মারেন বলে অভিযোগ। ইতিমধ্যে ঘটনার একটি ভিডিও সমাজমাধ্যমে ভাইরাল হয়েছে। যদিও ভাইরাল হওয়া ভিডিওর সত্যতা যাচাই করেনি সংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক। তবে ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে জোর রাজনৈতিক তরজা।

ঘটনাটি ঘটেছে দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জ বিডিও অফিসে। খুব শীঘ্রই খসড়া ভোটার তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন। তার আগে জোরকদমে রাজ্যে চলছে এসআইআর সংক্রান্ত কাজ। কুমারগঞ্জ বিডিও অফিসে সেই কাজ চলছিল। মাইক্রো অবজার্ভার দিব্যেন্দু গড়াই এই সংক্রান্ত কাজ করছিলেন। অভিযোগ, সেই কাজ চলাকালীন হঠাৎ করেই বেশ কয়েকজন দিব্যেন্দু গড়াইয়ের উপর চড়াও হয় বলে অভিযোগ। উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়। সেই সময় হঠাৎ করেই মাইক্রো অবজার্ভার দিব্যেন্দু গড়াইকে কষিয়ে এক ব্যক্তি থাপ্পড় মারেন বলে অভিযোগ।

## তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার

(তেত্রিশতম পর্ব)



নিবৃত্ত করে জ্ঞান দান করেন বিদ্যার দেবী সরস্বতী। মা সরস্বতীর জ্ঞানের দেবী, বিদ্যার দেবী, ললিতকলার দেবী। কয়েক দিন ধরেই এ পূজাকে ঘিরে ছাত্রছাত্রীরা আনন্দিত। গতকাল রাতেই মূর্তি স্থাপন করে পূজার সব আয়োজন সম্পন্ন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলসহ সারা বাংলাদেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে স্কুল থেকে শুরু

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## পদ্মশ্রী পেলেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়

সিং দেওল (মরণোত্তর), কেরলের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভি এস অচ্যুতানন্দন (মরণোত্তর), ধ্রুপদী বেহালা বাদক এন রাজম, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি কে টি থমাস এবং বিশিষ্ট লেখক পি নারায়ণন। সর্বোচ্চ অসামরিক পুরস্কার বিভাগটি ব্যতিক্রমী এবং বিশিষ্ট পরিষেবার স্বীকৃতি দেয়।

পদ্মভূষণ তালিকায় বেশ কয়েকজন বিখ্যাত ব্যক্তিত্বের নাম রয়েছে, যার মধ্যে রয়েছেন গায়িকা অলকা ইয়াগনিক, অভিনেতা মামুট্টি, শিল্পপতি উদয় কোটাক, উত্তরাখণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভগৎ সিং কোশিয়ারি, বিজ্ঞাপনের অভিজ্ঞ পীযূষ পান্ডে (মরণোত্তর), সমাজসেবক ভেল্লাপ্পালি নাটেসান এবং টেনিস আইকন বিজয় অমৃতরাজ। এই বিভাগে উচ্চমানের বিশিষ্ট সেবাকে সম্মানিত করা হয়।

২০২৬ সালের পদ্মশ্রী তালিকায় রয়েছেন খেলাধুলো, শিল্পকলা, বিজ্ঞান, চিকিৎসা এবং সমাজকর্ম ক্ষেত্রে বিশিষ্টরা। ক্রিকেটার রোহিত শর্মা পদ্মশ্রীতে ভূষিত হয়েছেন, মহিলা হকি খেলোয়াড় সবিতা পুনিয়া এবং কুস্তিগীর হরমনপ্রীত কৌর ভুল্লারও এই সম্মান পেয়েছেন।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বজ্রযোগিনীর নামে পৃথক তন্ত্র লিখিত হইয়াছিল এবং তাঁহার নানারূপ মূর্তিও কল্পিত হইয়াছিল। সে সমস্ত কথা বলিতে গেলে গ্রন্থ ভারী হইয়া যাইবার ভয়ে বিরত হইতে হইল। বজ্রযোগিনীর মন্ত্র এইপ্রকার – 'ওঁ সর্ববুদ্ধডাকিনীয়ে ওঁ বজ্রবর্ণনীয়ে ওঁ বজ্রবৈরোচনীয়ে হূঁ হূঁ হূঁ ফট্ ফট্ ফট্ স্বাহা'।

ক্রমশঃ

· সতর্কীকরণ ·

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# এস আই আর-এর শুনানিতে ডাক পেলেন শশী পাঁজা

**বেবি চক্রবর্তী**



এবার SIR-এর শুনানিতে ডাক পেলেন রাজ্যের নারী ও শিশুকল্যাণ মন্ত্রী শশী পাঁজা। শ্যামপুকুর বিধানসভার তৃণমূল বিধায়ককে দুপুর ২টোর সময় হাজিরা দিতে বলা হয়েছে কেশব অ্যাকাডেমিতে।S I R শুনানিতে ডাক পড়া নিয়ে তিনি বলেন, "২০০২-এর তালিকায় আমার নাম রয়েছে। কিন্তু নোটিসে আমায় বলা হয়েছে, আমি আমার ও আমার আত্মীয়ের সম্পর্কে কিছু তথ্য দিইনি।আমি ২০০২-এর কাগজ নিয়ে যাব। এই সমস্যাটা সম্পূর্ণ নির্বাচন কমিশনের। যদি অ্যাপ আপডেট করা থাকত, তাহলে তো অ্যাপের মধ্যেই সমস্ত তথ্য থাকার কথা। ২০০২ সালে যখন আমার নাম রয়েছে, সেখানে তো আমার আর নতুন করে কোনও তথ্য দেওয়ার প্রয়োজনই পড়ে না। এটা অসম্মানজনক আর অপমানজনক তো বটেই।" শশী পাঁজা আরও বলেন, "কিন্তু এটা শুধু ব্যক্তি আমার বলে নয়, এইভাবেই একজন সাধারণ মানুষ, একজন সাধারণ ভোটার হেনস্থার মুখোমুখি হচ্ছেন। আমার ঠিকানাও পরিবর্তন হয়নি। আমার ২ সন্তান। তাঁরা সম্পর্কের জায়গায় আমার স্বামীর কথাই লিখেছি। আমি বিয়ে করে এই বাড়িতে আসার পরে ভোটও দিয়েছি। সাধারণ মানুষ যেমন হিয়ারিং-এর লাইনে দাঁড়িয়ে কাগজ জমা দিচ্ছেন, আমি ও দেব।"

মন্ত্রীর কথায় "আমার কোনও বিশেষ সুবিধার দরকার নেই। কিন্তু আমার জন্য হিয়ারিং সেন্টার বেশি দূরে নয়। আমি তো আমার এলাকাতেই থাকি। কিন্তু নির্বাচন কমিশনের এই গলদের জন্য, সাধারণ মানুষদের হেনস্থা হতে হচ্ছে। কারণ নির্বাচন কমিশনের অ্যাপটাই সঠিকভাবে কাজ করছে না। প্রচুর মানুষ, ২০-৩০ কিলোমিটার যাচ্ছেন এমন একটা কাজের জন্য, যার জায় নির্বাচন কমিশনের। সাধারণ মানুষের নয়।"

এছাড়াও সাংসদ দেব, সাংসদ সামিরুল ইসলাম, রাজ্যের মন্ত্রী তাজমুল, নওশাদ সিদহোসেন সহ অনেককেই ডাকা হয়েছে শুনানিতে। এমনকি অর্মত্য সেন, জয় গোস্বামী, মহম্মদ শামির মতো বিশিষ্টদেরকেও ডাকা হয়েছে। তৃণমূল কংগ্রেসের তরফে এই বিষয়ে সরব হতে দেখা গেছে বারবার। এবার কলকাতায় রাজ্যের মন্ত্রীকে ডাকা নিয়েও শুরু রাজনৈতিক চাপানউতোর।

# যুবপ্রজন্মের হাতেই দেশের রাশ! জাতীয় ভোটার দিবসে কী বার্তা দিলেন প্রধানমন্ত্রী মোদী?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী ভোটারদের দেশের উন্নয়ন যাত্রার ভাগ্যবিধাতা বলে অভিহিত করেছেন। জাতীয় ভোটার দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী প্রথমবার ভোট দেওয়ার যে আনন্দ সে বিষয়ে বার্তা দেন। বলেন গণতন্ত্রে ভোটার হওয়া সবচেয়ে বড় সুযোগ ও দায়িত্ব। তাই এই মুহূর্তগুলিকে উদযাপন করতে হবে।

মোদী নির্বাচনকে গণতন্ত্রের উৎসব হিসেবে তুলে ধরে বলেন যে, হিমালয় থেকে দ্বীপ অঞ্চল পর্যন্ত বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের যে নাগরিকরা, তারা তাদের মতামত জানানোর জন্য উৎসাহের সঙ্গে এতে অংশগ্রহণ করে। তিনি নারী শক্তির উপরও জোর দিয়েছেন। প্রতিবছর ২৫ জানুয়ারি জাতীয় ভোটার দিবস পালন করা হয়। গণতন্ত্রের উদযাপন করতে এই দিনটি ভারতে নির্বাচন কমিশনের প্রতিষ্ঠা দিবসকে চিহ্নিত করে, যা ২৫ জানুয়ারি ১৯৫০ সালে ভারতীয় সংবিধানের ৩২৪ নম্বর অনুচ্ছেদের অধীনে প্রতিষ্ঠিত হয়েছিল সরকারি বিজ্ঞপ্তি অনুসারে।

ভোটার তালিকায় অন্তর্ভুক্তির গুরুত্ব তুলে ধরতে প্রধানমন্ত্রী একটি চিঠি লিখেছেন। সেখানে তিনি, কেউ আশেপাশের ভোটার হিসেবে প্রথমবার যদি নাম নথিভুক্ত করেন তাহলে আনন্দের সঙ্গে আহ্বান জানান। ভারতের গণতন্ত্রকে বিশ্বের অন্যতম বৃহত্তম গণতন্ত্র বলে উল্লেখ করেছেন তিনি। এই ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানগুলির দায়িত্বকেও তুলে ধরেছেন প্রধানমন্ত্রী। উৎসাহ প্রদানের কাজে শিক্ষা প্রতিষ্ঠানগুলির যথেষ্ট গুরুত্ব রয়েছে, প্রথমবার ভোটার হলে তাদের নিয়ে উদযাপন করার কথা বলেছেন প্রধানমন্ত্রী। এছাড়া ভোটাধিকার প্রয়োগে নারী শক্তির অংশগ্রহণ অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। গণতান্ত্রিক সচেতনা তৈরি করতে তিনি যুবসমাজকে মাই ইয়ং ইন্ডিয়া প্লাটফর্মে যোগদানের আবেদন জানান। তিনি ভারতে নির্বাচন কমিশনের সঙ্গে যুক্ত সকলকে গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করার প্রচেষ্টার জন্য অভিনন্দন জানান, সেইসঙ্গে নির্বাচন কমিশনের ধারাবাহিক প্রচেষ্টারও প্রশংসা করেন। নির্বাচন কমিশন যে গণতান্ত্রিক প্রক্রিয়াকে শক্তিশালী করার চেষ্টা করছে সেটা তুলে ধরেন তিনি তার পোস্টে। প্রধানমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে এই পোস্ট করেছেন।





পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# ট্রাঙ্ক ভর্তি নথি কাঁধে নিয়ে কমিশনের দরজায় নন্দীগ্রামের বাসিন্দা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের আগে রাজ্যজুড়ে এসআইআর প্রক্রিয়ার শুনানি চলছে। শুনানিতে হাজির হতে ভোটারদের সঙ্গে আনতে হচ্ছে একাধিক নথি। কোথাও কোথাও এই প্রক্রিয়া নিয়ে হয়রানির অভিযোগ উঠেছে। এর মধ্যেই পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে দেখা গেল একেবারে ব্যতিক্রমী ছবি, যা ঘিরে শোরগোল পড়ে গিয়েছে।ঘটনাকে ঘিরে শুরু হয় রাজনৈতিক তরজা। নন্দীগ্রাম ১ ব্লক তৃণমূল কংগ্রেসের কোর কমিটির সদস্য শামসুল ইসলাম অভিযোগ করেন, এসআইআর নামে সাধারণ মানুষকে অহেতুক হয়রানি করা হচ্ছে বলেই এমন পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। অন্যদিকে, বিজেপির তমলুক সংগঠনিক





জেলা সদস্য অভিজিৎ মাইতি পাল্টা দাবি করেন, তৃণমূলই মানুষকে বিভ্রান্ত করছে যার ফলে এই ধরনের পরিস্থিতি তৈরি হচ্ছে। যদিও গোটা ঘটনার উপস্থিত নির্বাচন আধিকারিকরা প্রকাশ্যে কোনও মন্তব্য করতে চাননি। তবে নথিভর্তি ট্রাঙ্ক মাথায় করে শুনানিতে হাজির হওয়ার সেই দৃশ্য রাজ্যজুড়ে এসআইআর প্রক্রিয়া নিয়ে নতুন করে প্রশ্ন তুলে দিল।রবিবার নন্দীগ্রাম এক ব্লকের কেন্দ্যামারী জলপাই গ্রাম পঞ্চায়েতের একটি শুনানি কেন্দ্র মাথায় করে একটি বড় ট্রাঙ্ক নিয়ে হাজির হন এক ভোটার। ওই ভোটারের নাম শেখ সাইফুদ্দিন। তিনি ২৩০ নম্বর বুথের বাসিন্দা। জানা গিয়েছে, তাঁর পরিবারের সাত জন সদস্যের নাম সংক্রান্ত শুনানির জন্য তাঁকে ডাকা হয়েছিল। কিন্তু কোন কোন নথি লাগবে, তা স্পষ্টভাবে বুঝতে না পারায় তিনি বাড়িতে থাকা সমস্ত কাগজপত্র একসঙ্গে ভরে একটি ট্রাঙ্ক করে নিয়ে আসেন।

শেখ সইফুদ্দিনের বক্তব্য,"আমার বাড়িতে যত নথি ছিল সব নিয়ে এসেছি। যেটা দরকার হবে, আধিকারিকরা এখান থেকেই নিয়ে নেবেন। আলাদা করে কোন কাগজ লাগবে বলা হয়নি। তাই পুরো ট্রাঙ্কটি মাথায় করে নিয়ে এসেছি।" তার এই উপস্থিতি দেখে শুনানি কেন্দ্রে ভিড় জমে যায়। অনেকেই মোবাইলে ছবি তুলতে শুরু করেন, আর মুহূর্তের মধ্যেই সেই ছবি।

(১ম পাতার পর)

## ECI-বিজেপি 'আঁতাঁত' নিয়ে তুলোধোনা মমতার

এই নোটিস থেকে বাদ পড়ছেন না সমাজের বিশিষ্ট মানুষজনও। সময় যত গড়াচ্ছে, বিড়ম্বনা বাড়ছে। সেই আবহেই আজ জাতীয় ভোটার দিবস পালন করছেন বিজেপির নেতারা। আর তাতেই বিস্ময়প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। ক্ষোভের সঙ্গে এক্স হ্যান্ডলে তাঁর পোস্ট – 'ভোটার দিবস পালনের কোনও অধিকার আপনাদের আজ নেই।'লজিক্যাল ডিসক্রিপান্সি' নামক গুরুগম্ভীর একটি শব্দ প্রয়োগ করে আমজনতাকে শুনানির লাইনে ডেকে হেনস্তার অভিযোগে তোলপাড় গোটা বাংলা। এই পরিস্থিতিতে দেখা গিয়েছে, রবিবার দিকে দিকে জাতীয় ভোটার দিবস পালন করছে বিজেপি। এক্স হ্যান্ডল পোস্টে মমতা লিখেছেন, 'হিজ মাস্টার্স ভয়েস হিসেবে কমিশন এই মুহূর্তে মানুষের ভোটাধিকার লুণ্ঠন করতে ব্যস্ত, এবং তাদের ঔদ্ধত্য হচ্ছে জাতীয় ভোটার দিবস পালন করার—আমি এতে স্তম্ভিত, বিস্মিত, বিচলিত।'নির্বাচন কমিশনের উদ্দেশে মমতার স্পষ্ট বার্তা, 'নির্বাচন কমিশনকে বলি: আপনারা মানুষকে অভূতপূর্ব অত্যাচারের মুখোমুখি দাঁড় করিয়েছেন, আপনাদের অত্যাচারের ফলেই এখনও পর্যন্ত ১৩০ জনের বেশি মানুষ মারা গিয়েছেন। আপনারা যেভাবে ৮৫, ৯০ , ৯৫ বছরের মানুষকে ডেকে পাঠাচ্ছেন এবং শারীরিকভাবে প্রতিবন্ধী মানুষকেও আপনাদের সামনে হাজির হতে বাধ্য করছেন তা করার অধিকার কি আপনাদের আছে? এই বেআইনি চাপ ও নিগ্রহের ফলেই আত্মহত্যা ও মৃত্যুর সংখ্যা বাড়ছে এবং আপনারা এটা করছেন আপনাদের রাজনৈতিক প্রভুর নির্দেশে ও স্বার্থে। এটাকে আপনারা নাগরিকদের জন্য NRC প্রক্রিয়া বানিয়ে তুলেছেন এবং সংখ্যালঘু সম্প্রদায় ও তপশিলি জাতি ও জনজাতির মানুষের জন্য এটা বিশেষ পীড়ার কারণ হয়েছে।'

(৩ পাতার পর)

## উত্তরবঙ্গের ৪ জেলায় প্রজাতন্ত্র দিবসের সকালে কুয়াশার হলুদ সর্তকতা জারি

একটু শীত অনুভব হলেও তা ছিল সাময়িক বলে জানাচ্ছে আলিপুর আবহাওয়া দফতর।তবে আগামী সপ্তাহে বুধবার থেকে এই কুয়াশার দাপট ধীরে ধীরে কমে যাবে বলে মনে করছে আবহাওয়া দফতর। অন্যদিকে উত্তরবঙ্গের বেশ কিছু জেলায় কুয়াশা নিয়ে সতর্কতা জারি করা হয়েছে। প্রজাতন্ত্র দিবসের দিন থেকে বৃহস্পতিবার পর্যন্ত উত্তরবঙ্গের সব জেলাতে হালকা থেকে মাঝারি কুয়াশা বজায় থাকবে। সোমবার সকাল থেকে দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহারের উত্তর দিনাজপুরের এক দুটি অংশে ঘন কুয়াশা পড়তে পারে। তাই চারটি জেলায় হলুদ সর্তকতা জারি করা হয়েছে। কুয়াশার কারণে দৃশ্যমানতা কমতে পারে বলে সতর্ক করেছে আলিপুর আবহাওয়া অফিস। কলকাতায় রবিবার শরবত নিম্ন তাপমাত্রা ছিল ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিক তাপমাত্রা থেকে ১.৩ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। শনিবার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৪ডিগ্রি সেলসিয়াস। ছাবিকা থেকে ০.৬ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ছিল ৪১ থেকে ৯৫ শতাংশ। সোমবার শহরে তাপমাত্রা থাকবে ১৫ ডিগ্রি থেকে ২৬ ডিগ্রি সেলসিয়াস এর মধ্যে।

# সিনেমার খবর

## নরেন্দ্র মোদির মা হবেন রাবিনা ট্যান্ডন

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডের জনপ্রিয় অভিনেত্রী রাবিনা ট্যান্ডন। এবার তিনি অভিনয় করতে যাচ্ছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জীবনীভিত্তিক নতুন সিনেমা ‘মা বন্দে’তে। এই বায়োপিকে মোদির প্রয়াত মা হীরাবেন মোদির চরিত্রে অভিনয় করবেন রাবিনা। আর মোদির চরিত্রে দেখা যাবে মালায়ালম অভিনেতা উন্নি মুকুন্দনকে।

ছবিটি পরিচালনা করছেন ক্রান্তি কুমার চৌধুরি। প্রযোজনায় আছে সিলভার ক্যাস্ট ক্রিয়েশন্স। নির্মাতাদের ভাষ্য, এটি মূলত এক মা ও ছেলের সম্পর্ককে কেন্দ্র করে তৈরি জীবনীভিত্তিক সিনেমা।

নির্মাতারা জানিয়েছেন, মোদির জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাগুলো তুলে ধরতে ছবিতে উন্নত ভিএফএক্স প্রযুক্তি ব্যবহার করা হবে। চরিত্র ফুটিয়ে তুলতে রাবিনারও শারীরিক ও মানসিক প্রস্তুতির প্রয়োজন হবে।

রাবিনা ট্যান্ডন জানিয়েছেন, হীরাবেনের চরিত্রে অভিনয় তার জন্য বিশেষ অভিজ্ঞতা। ছবিতে হীরাবেনের শৈশব, পারিবারিক সংগ্রাম এবং জীবনের নানা চ্যালেঞ্জের মধ্যেও পরিবারকে ধরে রাখার গল্প উঠে আসবে।

এদিকে উন্নি মুকুন্দন সামাজিক মাধ্যমে জানান, মোদির চরিত্রে অভিনয় করা তার কাছে সম্মানের। শৈশব থেকে গুজরাটে বেড়ে ওঠার সময় মোদীকে কাছ থেকে দেখার অভিজ্ঞতা তার অভিনয়ে সহায়তা করবে বলে আশা করছেন তিনি।

এদিকে সামাজিক যোগাযোগ মাধ্যমে এই বায়োপিক ঘিরে শুরু হয়েছে তুমুল আলোচনা। যেখানে দর্শকদের অধিকাংশই এই বায়োপিক দেখার আগ্রহ প্রকাশ করেছেন।

## ‘ঠাকুমা’ হচ্ছেন শ্রাবন্তী



স্টাফ রিপোর্টার, রোজদিন

বাংলার জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি এবার দর্শকের সামনে হাজির হচ্ছেন একেবারে ভিন্ন রূপে। প্রথমবারের মতো ওটিটি প্লাটফর্মে অভিনয় করছেন ‘ঠাকুমা’ চরিত্রে। তবে এটি কোনো রূপকথা কিংবা পরিচিত কার্টুন গল্প নয়; বরং আধুনিক প্রেক্ষাপটে নির্মিত একটি ওয়েব সিরিজ।

ভারতীয় জনপ্রিয় ওটিটি প্লাটফর্ম হইচই সম্প্রতি নতুন বছরের আসন্ন সিরিজগুলোর তালিকা প্রকাশ করেছে। সেই তালিকায় রয়েছে ‘ঠাকুমার ঝুলি’ শিরোনামের এই সিরিজটি। সিরিজটিতে শ্রাবন্তীর নাতনির ভূমিকায় অভিনয় করছেন ছোটপর্দার পরিচিত মুখ ও জনপ্রিয় অভিনেত্রী দিব্যাণী মণ্ডল।

‘ঠাকুমার ঝুলি’ সিরিজের গল্প আবর্তিত হবে ঠাকুমা ও নাতনির এক গভীর, আবেগঘন সম্পর্ককে কেন্দ্র করে। এর আগে শ্রাবন্তীকে পর্দায় মা কিংবা স্ত্রীর চরিত্রে দেখা গেলেও, এই প্রথমবার তিনি বয়স্ক এক ঠাকুমার ভূমিকায় অভিনয় করতে যাচ্ছেন। প্রিয় নায়িকার এই ভিন্নধর্মী চরিত্র ও নতুন লুক দর্শকদের মধ্যে ইতোমধ্যেই কৌতূহল তৈরি করেছে।

ব্যক্তিগত জীবন নিয়ে নানা সময় আলোচনায় থাকলেও বর্তমানে শ্রাবন্তী পুরোপুরি মনোযোগী নিজের ক্যারিয়ারে। সম্প্রতি পরিবার ও বন্ধুদের সঙ্গে গোয়া ভ্রমণ শেষে কলকাতায় ফিরেছেন তিনি। জানা গেছে, চলতি মাসেই ‘ঠাকুমার ঝুলি’ সিরিজের শুটিং শুরু হবে এবং তাতে অংশ নেবেন শ্রাবন্তী।

গত বছর শ্রাবন্তীর অভিনীত ‘দেবী চৌধুরানি’ দর্শকদের কাছ থেকে ভালো সাড়া পেয়েছিল। এবার ওটিটিতে তার নতুন ও সাহসী চরিত্রায়ন দেখার অপেক্ষায় রয়েছেন দর্শকরা।

এদিকে ছোটপর্দার জনপ্রিয় ধারাবাহিক ‘ফুলকি’-এর মাধ্যমে পরিচিতি পাওয়া অভিনেত্রী দিব্যাণী মণ্ডল এই সিরিজে থাকছেন বড় চমক হিসেবে। শ্রাবন্তীর মতো অভিজ্ঞ ও সিনিয়র অভিনেত্রীর সঙ্গে কাজ করার সুযোগ পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছেন তিনি।

## সালমানের সঙ্গে প্রথমবার চিত্রাঙ্গদা

স্টাফ রিপোর্টার, রোজদিন



সম্প্রতি ফিল্মফেয়ারের সঙ্গে একান্ত সাক্ষাৎকারে বলিউড অভিনেত্রী চিত্রাঙ্গদা সিং তার অভিনয়জীবনের পথচলা ও আসন্ন নতুন সিনেমা নিয়ে কথা বলেছেন। বেছে বেছে চরিত্রনির্ভর কাজ করার জন্য পরিচিত এই অভিনেত্রী তার নতুন ছবি ‘ব্যাটল অব গালওয়ান’ নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেন। এই সিনেমার মাধ্যমেই প্রথমবারের মতো বলিউড সুপারস্টার সালমান খানের সঙ্গে বড়পর্দায় জুটি বাঁধতে যাচ্ছেন তিনি।

সাক্ষাৎকারে চিত্রাঙ্গদা জানান, সালমান খানের সঙ্গে কাজ করাটা তার কাছে স্বপ্নপূরণের মতো অনুভূতি। শুটিং সেটে সালমানের উপস্থিতি পুরো ইউনিটে এক ধরনের ইতিবাচক শক্তি ছড়িয়ে দেয় বলে মন্তব্য করেন তিনি। চিত্রাঙ্গদার মতে, সালমানের অভিনয় পর্যবেক্ষণ করেই অনেক কিছু শেখা যায়। পাশাপাশি সহশিল্পীদের স্বাচ্ছন্দ্যবোধ করাতে তার আন্তরিকতা শুটিংয়ের পরিবেশকে সহজ ও চাপমুক্ত করে তোলে।

# দ্বিতীয়বার আইসিসি মাস সেরা উলভার্ট

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আইসিসি প্লেয়ার অব দ্য মান্থ অ্যাওয়ার্ডে নারী বিভাগে ডিসেম্বরের সেরা হলেন দক্ষিণ আফ্রিকার ব্যাটার লরা উলভার্ট। আর পুরুষ বিভাগে সেরা হয়েছেন অস্ট্রেলিয়ার পেসার মিচেল স্টার্ক।



ডিসেম্বর মাসের সেরা পুরুষ ও নারী ক্রিকেটারের নাম বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) প্রকাশ করে আইসিসি। পুরুষদের সেরার লড়াইয়ে স্টার্ক হারান নিউজিল্যান্ডের পেসার জেকব ডাফি ও ওয়েস্ট ইন্ডিজের অলরাউন্ডার জাস্টিন গ্রেভসকে। আর নারীদের লড়াইয়ে স্বদেশী অলরাউন্ডার সুনে লিস ও ভারতের ব্যাটার শেফালি ভার্মাকে পেছনে ফেলেন উলভার্ট।

ঠিক দুই বছর পর মাস সেরার পুরস্কার জিতলেন অস্ট্রেলিয়ার কোনো পুরুষ ক্রিকেটার। এই সম্মাননা পাওয়া তাদের আগের জনও ছিলেন পেসার। ২০২৩ সালের ডিসেম্বরের সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছিলেন প্যাট কামিন্স। আর উলভার্ট স্বীকৃতিটি পেলেন দ্বিতীয়বার। উইমেন'স ওয়ানডে বিশ্বকাপে ব্যাট হাতে রানের স্রোত বইয়ে গত অক্টোবরের সেরা হয়েছিলেন তিনি।

ডিসেম্বরে মেয়েদের ক্রিকেটে আলো ছড়ান উলভার্ট। ঘরের মাঠে আয়ারল্যান্ডের বিপক্ষে ৩-০ ব্যবধানে জেতা ওয়ানডে সিরিজে ৩ ম্যাচে ১১১.৮৪ স্ট্রাইক রেটে মোট ২৫৫ রান করেন তিনি। শেষ দুই ম্যাচে তার ব্যাট থেকে আসে ১২৪ ও অপরাজিত ১০০ রানের ইনিংস। সিরিজ-সেরার পুরস্কার জেতেন তিনিই। ওয়ানডের আগে ২ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ১৯০.২৭ স্টাইক রেটে দক্ষিণ আফ্রিকা অধিনায়ক করেন ১৩৭ রান। সেখানে সেঞ্চুরি করেন তিনি প্রথম ম্যাচে।

২০২৫ সালের শেষ মাসে ৩ টেস্টে ২১.২৫ গড়ে স্টার্ক উইকেট নেন ১৬টি। এছাড়া ব্যাট হাতে করেন ১৩৯ রান। ব্রিজবেনে অ্যাশেজের দ্বিতীয় টেস্টে প্রথম ইনিংসে ৬টিসহ ম্যাচে তার শিকার ছিল ৮ উইকেট। ব্যাটিংয়ে ৯ নম্বরে নেমে খেলেন ১৪১ বলে ৭৭ রানের ইনিংস। দলের ৮ উইকেটে জয়ের ম্যাচে সেরার স্বীকৃতি পান তিনিই। পরের টেস্টে অ্যাডিলেইডে ৪ উইকেট নেওয়ার পাশাপাশি ব্যাটিংয়ে ৭৫ বলে ৫৪ রানের ইনিংস খেলেন এই বাঁহাতি পেসার। মেলবোর্নে ৪ উইকেটে হেরে যাওয়া ম্যাচে দুই ইনিংসে দুটি করে উইকেট নেন তিনি।

## অসদাচরণের অভিযোগে শাস্তি পেল ইতো



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অসদাচরণের দায়ে ক্যামেরুন ফুটবল ফেডারেশনের প্রধান সামুয়েল ইতোকে চার ম্যাচ নিষিদ্ধ করেছে কনফেডারেশন অব আফ্রিকান ফুটবল (সিএএফ)। সেই সাথে তাকে ২০ হাজার ডলার জরিমানা করা হয়েছে।

তবে বার্সেলোনার সাবেক এই ফুটবলারের বিরুদ্ধে শাস্তিকে অযৌক্তিক বলছে দেশটির ফুটবল ফেডারেশন। তারা এর বিরুদ্ধে আপিল করবে বলে জানিয়েছেন।


এর আগে গত শুক্রবার (৯ জানুয়ারি) আফ্রিকা কাপ অব নেশন্সের কোয়ার্টার-ফাইনালে স্বাগতিক মরক্কোর বিপক্ষে ২-০ গোলে হেরে যায় ক্যামেরুন। ম্যাচ চলাকালে রেফারির নানা সিদ্ধান্ত নিয়ে সিএএফের প্রেসিডেন্টের সামনেই ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় সামুয়েল ইতোকে। ওই সময় মাঠে উত্তপ্ত পরিস্থিতিও তৈরি হয়। হাতাহাতিতে জড়াতে দেখা যায় দুই দলের খেলোয়াড়দের। পরে রবিবার (১১ জানুয়ারি) ওই ঘটনার তদন্ত শুরু করার কথা জানায় সিএএফ।

এদিকে আফ্রিকা কাপ অব নেশন্সের ফাইনাল নিশ্চিত করেছে মরক্কো ও সেনেগাল। সেমিফাইনালের ম্যাচে বুনু বীরত্বে নাইজেরিয়ার বিপক্ষে জয় পেয়েছে মরক্কো। মূল ম্যাচ গোলশূন্য ড্রয়ের পর অতিরিক্ত সময়েও দুদল গোল করতে ব্যর্থ হয়। এরপর টাইব্রেকারে নাইজেরিয়াকে ৪-২ গোলে হারিয়ে ফাইনাল নিশ্চিত করে মরক্কো।

আরেক সেমিফাইনালে সাদিও মানের একমাত্র গোলে মোহামেদ সালাহ'র মিশরকে হারিয়ে ফাইনাল নিশ্চিত করে সেনেগাল। আগামী রবিবার (১৮ জানুয়ারি) টুর্নামেন্টের ফাইনালে মুখোমুখি হবে দুই দল।

## আফগান শিবিরে ধাক্কা, ছিটকে গেলেন নাভিন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরুর আগেই ধাক্কা খেলো আফগানিস্তান। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ ও আগামী মাসে শুরু হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে ছিটকে গেছেন দলটির পেসার নাভিন-উল-হক।

আফগানিস্তান ক্রিকেট বোর্ড এখনও আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি। ইএসপিএনক্রিকইনফোর প্রতিবেদনে বলা হয়েছে, এই মাসের শেষ দিকে নাভিনের অস্ত্রোপচার হবে। তার চোটের ধরণ এখনও জানা যায়নি।

২৬ বছর বয়সী এই ক্রিকেটার সবশেষ আফগানিস্তানের হয়ে খেলেছেন ২০২৪ সালের ডিসেম্বরে, জিম্বাবুয়ের বিপক্ষে টি-টোয়েন্টিতে। দেশের হয়ে এখন পর্যন্ত ৪৮ টি-টোয়েন্টিতে তার উইকেট ৬৭টি। ২০২৫ সালের জানুয়ারি-ফেব্রুয়ারিতে এসএ টোয়েন্টিতে ও জুনে মেজর লিগ ক্রিকেটে খেলেছেন নাভিন। সেপ্টেম্বরের এশিয়া কাপে তিনি খেলতে পারেননি কাঁধের চোটে। সেই চোট কাটিয়ে ফিরে ডিসেম্বরে আইএল টি-টোয়েন্টিতে এমআই এমিরেটসের হয়ে দুটি ম্যাচ খেলেন তিনি। তারপর থেকে আর কোনো ম্যাচ খেলেননি।

ক্যারিবিয়ান সিরিজ ও বিশ্বকাপের জন্য নাভিনের বদলি হিসেবে কে সুযোগ পান, সেটিই এখন দেখার। বিশ্বকাপের জন্য রিজার্ভ তালিকায় আছেন স্পিনার এমএম গাজানফার এবং পেসার ইজাজ আহমাদজাই ও জিয়া উর রাহমান শারিফি।

শারজাহতে আগামী সোমবার তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে আফগানিস্তান। দলের সঙ্গে যোগ দিতে চলমান এসএ টোয়েন্টিতে এমআই কেপ টাউন দল ছেড়ে গেছেন আফগান অধিনায়ক রাশিদ খান। বিশ্বকাপে আফগানিস্তানের প্রথম ম্যাচ ৮ ফেব্রুয়ারি, চেন্নাইয়ে নিউ জিল্যান্ডের বিপক্ষে। রাশিদের নেতৃত্বে গত টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমি-ফাইনালে খেলেছিল আফগানরা।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR